

## জবুরী প্রেস বিজ্ঞপ্তি

০২ এপ্রিল ২০২০

আজ ০২ এপ্রিল ২০২০, স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত সংবাদ বিফিংএ ভুলক্রমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতিটি উপজেলায় ০২টি করে কোভিড-১৯ পরীক্ষার নমুনা সংগ্রহের নির্দেশনা দেয়া হয়েছে বলে জানানো হয়েছিল। প্রকৃতপক্ষে গতকাল ০১ এপ্রিল ২০২০ প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিভিন্ন চিকিৎসক পেশাজীবী সংগঠন এবং স্বাস্থ্য কতৃপক্ষের প্রতিনিধিবর্গের উপস্থিতিতে একটি সভায় দেশের বিভিন্ন অঞ্চল থেকে কোভিড-১৯ পরীক্ষার নমুনা সংগ্রহ করে পরীক্ষা করার পরামর্শ দেয়া হয়। এর ফলে দেশে করোনা ভাইরাসের সংক্রমণ সম্পর্কে অধিকতর সঠিক ধারণা সৃষ্টি হবে বলে মত প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে নমুনা সংগ্রহ ও পরীক্ষার সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত এবং কার্যক্রম গৃহিত হয়। বিষয়টি সঠিকভাবে উপস্থাপিত না হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তর আন্তরিকভাবে দুঃখিত।

উল্লেখ্য যে, আজ সন্ধ্যা ৭টা পর্যন্ত ঢাকা মহানগরীর ৯টি এবং ঢাকার বাইরে ৫টি আরটি-পিসিআর পরীক্ষা কেন্দ্র পরীক্ষা করেছে। সন্ধ্যা ৭টা পর্যন্ত ঢাকা নগরীর বাইরে ৪০টি জেলার সংগৃহিত তথ্য অনুযায়ী ২৬৭টি নমুনা সংগৃহিত হয়েছে। দেশের বিভিন্ন পিসিআর পরীক্ষা কেন্দ্র কর্তৃক ১০০টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আইইডিসিআর পৃথকভাবে সন্ধ্যা ৭টা পর্যন্ত ১০০টি নমুনা সংগ্রহ করেছে। কাজেই সর্বমোট ৪৬৭টি নমুনা সংগ্রহ করা হয়েছে। বাকি ২৪টি জেলার নমুনা সংগ্রহের তথ্য এখনও হাতে আসেনি। সংগৃহিত নমুনাগুলো সম্ভাব্য দ্রুততম সময়ে পরীক্ষা করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।



(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)  
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।